বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd
সাধারণ শাখা

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৭ সালের ৭ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	ড. এম আসলাম আলম রেক্টর (সিনিয়র সচিব)
সভার তারিখ	৩০ অক্টোবর ২০১৭ খ্রি.
সভার সময়	বেলা- ০২:৩০ টা
স্থান	রেক্টরস্ কনফারেন্স রুম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানান।অত:পর আলোচ্য বিষয়সমূহপর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)কেবলা হয়।পরিচালক (প্রশাসন) বিষয়সমূহ উপস্থাপন করলে নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্যবিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠও অনুমোদন	গত ২৭.০৯.২০১৭তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়।	কার্যবিবরণীর বিষয়ে আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করাহয়।
২	প্রবিধানমালা সংশোধন	পরিচালক (প্রশাসন) জানান, খসড়া প্রবিধানমালার বিষয়ে প্রয়োজনীয় তথ্য সদস্যদের নিকট বিতরণ করা হয়েছে। এ সংক্রান্ত কয়েকটি সভা ইতপুর্বে অনুষ্ঠিত হয়েছে। গত ২৪.১০.২০১৭ তারিখে একটি সভার তারিখ নির্ধারিত ছিল কিন্তু অনিবার্য কারনে অনুষ্ঠিত হয়নি। শীঘ্রই আরো সভা করে খসড়া প্রবিধানমালা উপস্থাপন করা হবে। তবে প্রবিধানমালার সাথে কেন্দ্রের অর্গানোগ্রাম সংশোধন এর বিষয়টি সম্পৃক্ত হওয়ায় প্রবিধানমালার খসড়া তৈরীর আগে অর্গানোগ্রাম এর খসড়া প্রণয়ন করা প্রয়োজন।	সংশোধিত অর্গ্রানোগ্রাম এর খসড়া চুড়ান্ত করার পর এর সাথে সংগতি রেখে কেন্দ্রের কর্মচারী প্রবিধানমালার খসড়া প্রণয়ন করতে হবে। বাস্তবায়নে: সভাপতি, অর্গানোগ্রাম/প্রবিধানমালা সংশোধন কমিটি এবং পরিচালক (প্রশাসন)।
৩	অর্গ্রানোগ্রাম হালনাগাদকরণ	এমডিএস (এমএন্ডপিএ) সভাকে অবহিত করেন যে, কমিটি সভা করে মতামতের ভিত্তিতে অর্গানোগ্রামের একটি খসড়া রেক্টর মহদয়ের নিকট উপস্থাপন করা হয়েছে। কিছু পর্যবেক্ষণ দিয়ে সেগুলো সমন্বয় করে খসড়াটি পুনঃ উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। শীঘ্রই তা উপস্থাপন করা করা হবে।	অর্গ্রানোগ্রাম এর খসড়া দ্রুততম সময়ে প্রস্তুত পেশ করতে হবে। বাস্তবায়নে:এমডিএস (এমএন্ডপিএ)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	পরিচালক প্রশাসন জানান, ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধির নিকট নিরীক্ষা আপত্তিসমুহের তথ্যসহ কর্মপত্র প্রেরণ করা হয়েছে। নভেম্বর মাসে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধির সাথে যোগাযোগ করে নভেম্বর/১৭ মাসেত্রি-পক্ষীয়সভা আয়োজন করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)
৫	মূল্যায়ন নীতিমালা সংশোধন	পরিচালক (মূল্যায়ন) অবহিত করেন, ১৮/১০/২০১৭ তারিখে অনুষ্ঠিত অনুষদ সভায় মুল্যায়ন নীতিমালার উপর মতামত পাওয়া গেছে। মতামতসমূহ খসড়া মূল্যায়ন নীতিমালায় সন্নিবেশ করে চূড়ান্ত অনুমোদনের পূর্বে চূড়ান্ত মতামতের জন্য ই-মেইলে অনুষদ সদস্যদের নিকট প্রেরণ করতে হবে।	সর্বশেষ মতামত নিয়ে মুল্যায়ন নীতিমালা চূড়ান্ত করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (মূল্যায়ন)
৬	বকেয়া কোর্স ফিআদায়	উপ-পরিচালক অর্থ সভাকে অবহিত করেন যে, ১৯ সেপ্টেম্বর হতে ২৯ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত বকেয়া কোর্স ফি আদায় হয়েছে ২,২০,০০০/- টাকা। বকেয়া রয়েছে- ২৫,৪৬,৫০০/- টাকা। বকেয়া কোর্স ফি আদায়ের জন্য পত্র প্রেরণের পাশাপাশি ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে।	মন্ত্রণালয়/বিভাগসমুহে সঠিকভাবে তাগিদ পত্র প্রেরণ এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যম কেয়া কোর্স ফি আদায় ত্বরান্বিত করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)
৭	e-filing চালকুরণ	কেন্দ্রে ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পন্ন হচ্ছে। ঢাকা আরপিএটিসিতে ই-নথি কার্যক্রম শুরু হয়েছে। চট্টগ্রাম আরপিএটিসিতে ই-নথি কার্যক্রম আংশিক চালু করা হয়েছে।তবে রাজশাহী ও খুলনা আরপিএটিসিতে এ সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের পর ই-নথি কার্যক্রম শুরু করা যাবে।	(ক) ই-ফাইলিং কার্যক্রমে কেন্দ্রের অবস্থান এগিয়ে নিতে সকল সেকশনে ই-ফাইলিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নেঃ সকল কর্মচারী, বিপিএটিসি (খ) ই-ফাইলিং কার্যক্রম চালু করার জন্য আরপিএটিসি'র কর্মচারীদের এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিস্ট, বিপিএটিসি এবং উপ-পরিচালক, সকল আরপিএটিসি।
৮	e-GP পদ্ধতিচালকুরণ	উপ-পরিচালক (অর্থ) জানান ই-জিপি'র মাধ্যমে ক্রয়ের জন্য প্রথমবারের মত অনলাইনে এপিপি অনুমোদন ওটেন্ডার নোটিশ জারী করা হয়েছে।	সঠিকভাবে ই-জিপি'র মাধ্যমে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কেন্দ্রে ই-জিপি'র সাথে জড়িত সকলের সঠিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করতে হবে। বাস্তবায়নে:পরিচালক(প্রশাসন)/উপ-পরিচালক (অর্থ)

৯	পুরনো-অকেজো মালামাল নিষ্পত্তি	পরিচালক (প্রশাসন) জানান যে, ২৫/১০/২০১৭ তারিখে অকেজো-পুরানো মালামালের নিলাম অনুষ্ঠিত হয়েছে এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের অকেজো মালামালের তালিকা প্রণয়নের কাজ চলছে। আঞ্চলিক কেন্দ্রসমূহের পুরানো অকেজো মালামালের তালিকা পাওয়া গেলে পুনরায় বিধিমোতাবেক তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।	দ্রুততম সময়ের মধ্যে আঞ্চলিক কেন্দ্রসমূহের পুরানো-অকেজো মালামালের তালিকা প্রেরণ করতে হবে বাস্তবায়নেঃ উপ-পরিচালক, সকল আরপিএটিসি।
১০	ওয়েব-সাইট আপডেটকরণ	সিস্টেম এনালিস্ট (অঃদাঃ) সভাকে অবহিত করেন যে, কেন্দ্রের ওয়েবসাইটের বিভিন্ন লিঙ্ক এর তথ্য হালনাগাদ করা হচ্ছে। প্রশিক্ষণার্থীদের Individual User ID ও Password এর মাধ্যমে ফলাফল প্রকাশের বিষয়ে কাজ করা হচ্ছে। পরিচালক (প্রশাসন) জানান, কেন্দ্রের প্রাক্তন অনুষদ সদস্যদের নাম ওয়েবসাইটে প্রকাশের জন্য একটি তালিকা তৈরী করা হচ্ছে।	প্রশিক্ষণার্থীদের User ID এবং Password ব্যবহার করে ফলাফল দেখার/প্রকাশের ব্যবস্থা ওয়েবসাইটে জরুরিভিত্তিতে সংযোজন করতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিস্ট (অঃদাঃ) কেন্দ্রের প্রাক্তন অনুষদ সদস্যদের তালিকা জরুরীভিত্তিতে তোইরী করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (প্রশাসন)
১১	আরপিএটিসি'র উপপরিচালকেরআর্থিক ক্ষমতাবৃদ্ধি	উপ-পরিচালক(অর্থ) জানান, আরপিএটিসির উপ-পরিচালকগণের আর্থিক ক্ষমতা বৃদ্ধি এবং বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের বিভিন্ন ভাতা পুনঃনির্ধারণের বিষয়ে একটি প্রস্তাব পাওয়া গেছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তা উপস্থাপন করা হবে।	আর্থিক বিধি বিধান অনুসরণ পুর্বক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)
১২	আরপিএটিসিসমূহে অনুষ্ঠিত প্রশিক্ষণ/ ওয়ার্কশপসেমিনারে অংশগ্রহণকারী কর্মকর্তাদের সম্মানী বৃদ্ধি		
১৩	আরপিএটিসি'র পুরানো মাইক্রোবাস প্রতিস্থাপন	চট্টগ্রাম ও রাজশাহী আঞ্চলিক কেন্দ্র হতে মাইক্রোবাস প্রতিস্থাপনের প্রস্তাব পাওয়া গেছে। আরপিএটিসি, ঢাকা ও খুলনা এর মাইক্রোবাস প্রতিস্থাপনের প্রতিবেদন পাওয়া যায়নি।	ঢাকা ও খুলনা, আরপিএটিসি মাইক্রোবাস প্রতিস্থাপনের প্রস্তাব দ্রুত প্রেরণ করতে হবে। দায়িত্ব: উপ-পরিচালক, ঢাকা / খুলনা, আরপিএটিসি
১৪	নতুন আরপিএটিসি স্থাপন	বরিশাল, সিলেট, রংপুর এবং ময়মনসিংহ বিভাগীয় শহরে ৪টি নতুন আরপিএটিসি স্থাপনের জন্য জমি অধিগ্রহনের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। জমির সম্ভাব্য মুল্য জানানোর জন্য সংশ্লিস্ট জেলা প্রশাসকগণকে পত্র দেয়া হয়েছে। কেন্দ্রের প্রকল্প বিভাগ এ বিষয়ে কাজ করছে। জমি অধিগ্রহণের অর্থ চেয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়।	নতুন আরপিএটিসি স্থাপনের প্রকল্প প্রনয়নের কাজ জরুরি শেষ করতে হবে। জমি অধিগ্রহনের অর্থ চেয়েজনপ্রশাসন মন্ত্রণালয়েসংশোধিত বাজেট প্রেরন করতে হবে। বাস্তবায়নেঃ এমডিএস (প্রকল্প) পরিচালক (প্রশাসন)
নির্ধারিত আলোচনা			